



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয় : ৩৪৬/২ ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৬ E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০৯/২০/৯৮


তারিখঃ ২৮/০৭/২০২৩ খ্রিঃ

এসএসসি পরীক্ষা ২০২৩ এর ফলাফল পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আন্তঃশিক্ষা বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য কেবল টেলিটক মোবাইলের মাধ্যমে ২৯/০৭/২০২৩ তারিখ হতে ০৪/০৮/২০২৩ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। প্রতি পত্রের জন্য ফি ১২৫/- (একশত পঁচিশ) টাকা মাত্র।

আবেদন করার নিয়মাবলি:

১. আবেদন করতে হলে মোবাইলের ম্যাসেজ অপশন গিয়ে RSC লিখে <Space> দিয়ে Mym লিখে আবার <Space> দিয়ে Roll Number লিখে আবার <Space> দিয়ে Subject Code সমূহ লিখতে হবে। তারপর ১৬২২২ নম্বরে Send করতে হবে।
২. ফিরতি SMS এর মাধ্যমে একটি PIN ও ফি সংক্রান্ত তথ্যসহ সম্মতি চাওয়া হবে। এতে সম্মত হলে আবার Message অপশনে গিয়ে RSC<Space> Yes <Space> PIN তারপর আবার <Space> দিয়ে Mobile Number (যে কোন মোবাইল অপারেটর) লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।
৩. Send করার পর ফিরতি SMS এ আবেদনটির Confirmation সংক্রান্ত একটি বার্তা আসবে। সেখানে একটি Track নম্বর দেওয়া থাকবে। যা আপনার আবেদন গ্রহণ করার Reference হিসাবে সংরক্ষণ করতে পারবেন।
৪. ফলাফল পুনঃনিরীক্ষণে একটি SMS এর মাধ্যমে এক বা একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা (,) দিয়ে বিষয়ের কোড আলাদা করে লিখতে হবে। যেমন বাংলা ও ইংরেজি দুটি বিষয়ের জন্য আপনার টেলিটক প্রি-পেইড মোবাইলের Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে Mym<Space> Roll Number লিখে আবার <Space> দিয়ে ১০১,১০২, ১০৭,১০৮ লিখতে হবে।
৫. সংশোধিত ফল যথা সময়ে www.mymensingheducationboard.gov.bd তে প্রকাশ করা হবে এবং www.educationboardresults.gov.bd তে তা Update আকারে দেখা যাবে।


(প্রফেসর মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড
ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২

ই-মেইল : conbisemym@gmail.com